# মাইক্রোটিক রাউটার পর্ব-১১
# ডিএইচসিপি সার্ভার কনফিগারেশন

মোহাম্মদ ইশতিয়াক জাহান

স্ট্যাটিক আইপি দিয়ে ল্যান সাইডে বা ক্লায়েন্ট সাইডে কনফিগারেশন, ইন্টারনেটের ব্যবহার, ব্যান্ডউইডথ কন্ট্রোলসহ বিভিন্ন বিষয়ে অনেকে ইতোমধ্যে জেনেছেন। স্ট্যাটিক আইপি দিয়ে ক্লায়েন্ট সাইডে কনফিগারেশন করা হলে বেশ কিছু সুবিধা পাওয়া যায়, যেমন ক্লায়েন্টকে সরাসরি মনিটর করা যায়। আগের আলোচনায় দেখানো হয়েছিল ক্লায়েন্ট কমপিউটারে আইপি ও ম্যাক অ্যাড্রেস বন্ডিংয়ের মাধ্যমে ইউজারের ইন্টারনেটে অ্যাক্সেসকে মনিটর করা এবং কেউ যেন ইচ্ছেমতো আইপি পরিবর্তন করতে না পারে, সে দিকে নজর রাখা। এই পদ্ধতির সুবিধার পাশাপাশি একটি অসুবিধা হলো কমপিউটারের জন্য একটি আইপি ফিক্সড করে দেয়া। অর্থাৎ উক্ত কমপিউটার চালু না হলে ওই আইপিটি অন্য কেউ ব্যবহার করতে পারবে না। এছাড়া আপনার নেটওয়ার্কের কমপিউটারের সংখ্যা যদি ১০০ বা এর বেশি হয়, তাহলে প্রতিটি কমপিউটারে গিয়ে আলাদাভাবে আইপি কনফিগারেশন করতে যাওয়া অনেক সময়ের ব্যাপার এবং কষ্টকরও বটে। ডিএইচসিপি সার্ভার কনফিগারেশনের মাধ্যমে এই ধরনের সমস্যার হাত থেকে বাঁচতে পারবেন। ডিএইচসিপি নিয়ে কমপিউটার জগৎ-এ অনেক লেখালিখি হয়েছে। তবে পাঠকের সুবিধার্থে মাইক্রোটিক রাউটারে কীভাবে ডিএইচসিপি সার্ভার কনফিগারেশন করা যায় এবং তা ক্লায়েন্ট সাইড থেকে কীভাবে অ্যাক্সেস করা যায়, এর ওপর ভিত্তি করে এ লেখার অবতারণা।

## ডিএইচসিপি কী?

ডায়নামিক হোস্ট কন্ট্রোল প্রটোকলের সংক্ষিপ্ত রূপ হচ্ছে ডিএইচসিপি। অর্থাৎ ডিএইচসিপির মাধ্যমে সার্ভারে আইপি অ্যাড্রেস ফ্রি থাকা সাপেক্ষে উক্ত আইপি অ্যাড্রেসটি বিভিন্ন কমপিউটার হোল্ড করে ব্যবহার করতে পারে। এই ধরনের কনফিগারেশনের জন্য ক্লায়েন্ট সাইডের কমপিউটারে কোনো ধরনের আইপি কনফিগারেশন করা হয় না। এখানে ক্লায়েন্ট সাইড কমপিউটারের ল্যান কনফিগারেশনে Obtain an IP address automatically সিলেক্ট করা থাকলে কমপিউটারটি ডিএইচসিপি সার্ভার থেকে ফ্রি থাকা সাপেক্ষে যেকোনো একটি আইপি স্বয়ংক্রিয়ভাবে যুক্ত করে নেবে। প্রতিবার কমপিউটার রিস্টার্ট দেয়া হলে প্রতিবারই ডিএইচসিপি থেকে আইপি অ্যাড্রেস গ্রহণ করবে। ফলে কমপিউটারগুলো অবিরত আইপি অ্যাড্রেসে অ্যাক্সেস পেয়ে যাবে।

ডিএইচসিপি সার্ভার কনফিগারেশনটি অনেক সহজ। এই কনফিগারেশনটি করার জন্য আপনাকে একটি আইপি অ্যাড্রেস ব্লক বা লিজ নেয়ার জন্য আইপি অ্যাড্রেস রেঞ্জ দিতে হবে। ডিএইচসিপি সার্ভার কনফিগারেশন করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে।


**ধাপ-১ :** মাইক্রোটিক রাউটারটি অ্যাক্সেস করার জন্য অ্যাডমিন ইউজারনেম ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।

**ধাপ-২ :** মাইক্রোটিকের বাম পাশের প্যানেল থেকে আইপি অপশনে ক্লিক করে ডিএইচসিপি সার্ভারে ক্লিক করুন।





*চিত্র-১ : মাইক্রোটিকে ডিএইচসিপি সার্ভার*

**ধাপ-৩ :** ডিএইচসিপি সার্ভারে প্রদর্শিত উইন্ডোতে এর ডিএইচসিপি ট্যাবে ক্লিক করুন। এই উইন্ডোতে ডিএইচসিপি সেটআপ নামে অপশনে ক্লিক করুন।




*চিত্র-২ : ডিএইচসিপি সেটআপ*

**ধাপ-৪ :** ডিএইচসিপি সার্ভার সেটআপ উইন্ডোতে Select interface to run DHCP server on নামে একটি মেসেজ দেখতে পাবেন, অর্থাৎ যে ল্যান ইন্টারফেসটি ডিএইচসিপি সার্ভারের ল্যান ইন্টারফেস হিসেবে ব্যবহার করতে চান, তা সিলেক্ট করুন। এবার নেক্সট বাটনে ক্লিক করুন।




*চিত্র-৩ : ডিএইচসিপি সার্ভারের জন্য ইন্টারফেস সিলেক্ট*

**ধাপ-৫ :** ডিএইচসিপি অ্যাড্রেস স্পেস ঘরে আইপি অ্যাড্রেসটির নেটওয়ার্কের যে রেঞ্জ দেখাবে, তা বাই ডিফল্ট রেখে নেক্সট বাটনে ক্লিক করুন। এবার গেটওয়ে সেট করার যে উইন্ডোটি আসবে তাও বাই ডিফল্ট রেখে নেক্সট বাটনে ক্লিক করুন।


**ধাপ-৬ :** ডিএইচসিপি সার্ভারের ক্লায়েন্ট আইপিগুলো ডায়নামিকভাবে কোন রেঞ্জের আইপি পাবে, তা আইপি অ্যাড্রেস পুল থেকে সিলেক্ট করে দিতে পারেন। Addresses to Give Out-এর ঘরে ১৯২.১৬৮.১.২-১৯২.১৬৮.১.২৫৪ টাইপ করে নেক্সট বাটনে ক্লিক করুন।




*চিত্র-৪ : ক্লায়েন্ট কমপিউটারের জন্য লিজ আইপি রেঞ্জ*

**ধাপ-৭ :** আইপি অ্যাড্রেসের পুল সিলেক্ট করার পর ডিএনএস সার্ভারের আইপি অ্যাড্রেস সেট করতে হবে। এর জন্য প্রথম ঘরে ১৯২.১৬৮.১.১ টাইপ করে বা আপনার জন্য যে ডিএনএস আইএসপি দিবে, তা টাইপ করে নেক্সট বাটনে ক্লিক করুন।

**ধাপ-৮ :** ডিএনএস সার্ভারের তথ্য পূরণ করার পর লিজ টাইম নামে একটি উইন্ডো প্রদর্শিত হবে। এর অর্থ হচ্ছে একটি ক্লায়েন্ট কত সময় ধরে ওই আইপিটি ধরে রাখতে পারবে তা নির্ধারণ করে দেয়া। এখানে বাই ডিফল্ট রেখে নেক্সট বাটনে ক্লিক করুন। এতে Setup has completed successfully দিয়ে একটি মেসেজ প্রদর্শন করে ডিএইচসিপি সার্ভার কনফিগারেশনের কাজ সম্পন্ন হবে। ওকে বাটনে ক্লিক করে উইন্ডোটি বন্ধ করে দিন।




*চিত্র-৫ : ডিএইচসিপি সার্ভার সেটআপ সম্পন্ন*

**ধাপ-৯ :** ডিএইচসিপি সার্ভার কনফিগারেশন সম্পন্ন হওয়ার পর মাইক্রোটিকের ডিএইচসিপি সার্ভারের মূল উইন্ডোর ডিএইচসিপি ট্যাবে নতুন কনফিগারেশনের তথ্যটি দেখতে পাবেন। এখানে ডিএইচসিপি কনফিগারেশনের নাম, কোন ইন্টারফেসের জন্য এই কাজটি করা হয়েছে, এর লিজ টাইম কত, অ্যাড্রেস পুল কি সেট করা হয়েছে– এ ধরনের তথ্য দেখতে পাবেন। অর্থাৎ আপনার ডিএইচসিপি সার্ভার কনফিগারেশনের কাজটি সম্পন্ন হয়েছে।

## লিজ ট্যাব

ডিএইচসিপি সার্ভার থেকে ক্লায়েন্ট কমপিউটারগুলো লিজ হিসেবে আইপি অ্যাড্রেস গ্রহণ করে থাকে। কোন কোন আইপিগুলো লিজ নেয়া হয়েছে, তা দেখার জন্য মাইক্রোটিকের

(বাকি অংশ ৫৪ পৃষ্ঠায়)